এইচ এস সি পরীক্ষা ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

অর্থনীতি- দ্বিতীয় পত্র বিষয় কোড : | ১ | ১ | ০ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান: ৭০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১. ▶ মি. দবির একজন কৃষক। তিনি তার জমিতে এ বছর শুধু আলু চাষ করেছেন। আলুর ফল খুবই ভালো হয়েছে। কিন্তু তার মন খুব খারাপ। কারণ আলুর দাম এত কম যে, তার উৎপাদন খরচ তুলে আনা সম্ভব নয়। কিছুদিন পর আলু বিক্রি করলে তার লাভ হবে বলে তিনি মনে করছেন। তিনি বেগুন চাষ করার জন্য আফসোস করছেন। কারণ এ বছর বেগুনের দাম বেশি।

ক. জীবন নির্বাহী খামার কী? ১

খ. কৃষিপণ্যের বিপণনে রাষ্ট্রের ভূমিকা কী? ২

গ. উদ্দীপকে দবির সাহেবের মন খারাপ হওয়ার কারণ কী? ৩

ঘ. দবির সাহেবের লাভবান হওয়ার পেছনে মুখ্য ভূমিকা পালনকারী বিষয়গুলো কী কী হতে পারে? ৪

২. ▶ বাংলাদেশে সাম্প্রতিককালে খাদ্যশস্যের দাম অনেক বেড়ে গেছে। এ সুযোগে এক শ্রেণির অসাধু ব্যবসায়ী অধিক মুনাফা লাভের আশায় ভেজাল খাদ্য বিক্রি করছে। এতে নানা রকম রোগের প্রাদুর্ভাবে জনস্বাস্থ্য ও জনজীবন বিপন্ন হচ্ছে। সরকার সম্প্রতি ভেজাল বিরোধী অভিযান পরিচালনা করছে। কেননা জনকল্যাণের স্বার্থেই ভেজাল খাদ্য উৎপাদন, বিক্রি ও পরিবেশন প্রতিরোধ করা দরকার।

ক. খাদ্য নিরাপত্তা কী? ১

খ. খাদ্যে ভেজাল দিয়ে কীভাবে লাভবান হওয়া যায়? ২

গ. ভেজাল খাদ্য কীভাবে জনস্বাস্থ্য ও জনজীবন বিপর্যস্থ করে? ৩

ঘ. খাদ্য ভেজালমুক্তকরণে কী কী পদক্ষেপ গ্রহণ করা উচিত বলে তুমি মনে করো? ৪

৩. ▶ অতি সম্প্রতি প্রায় ১০ লক্ষ রোহিঙ্গা মায়ানমার থেকে বাংলাদেশে প্রবেশ করেছে। তাদের বাসস্থান ও খাওয়া-পরা বাবদ যথাক্রমে প্রায় ১৩০০ একর জমি ও ৪০ লক্ষ মার্কিন ডলার প্রয়োজন। এতে বাংলাদেশের অর্থনৈতিকভাবে চাপের মুখে পড়েছে। পৃথিবীর বিভিন্ন দেশ থেকে অবশ্য সাহায্য সহযোগিতা আসছে। তথাপিও তা মোট চাহিদার তুলনায় অপ্রতুল। এহেন পরিস্থিতিতে বাংলাদেশকে বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক সংস্থার নিকট থেকে ঋণ করার দরকার হতে পারে।

https://teachingbd24.com

ক. ব্যাংক ঋণ কী? ১
খ. অর্থায়নের উৎস হিসেবে NGO এর গুরুত্ব লিখ? ২
গ. রোহিঙ্গাদের সহযোগিতার জন্য কী ধরনের সাহায্যের দরকার? ৩
ঘ. ঋণের উৎস হিসেবে পুঁজি বাজারের ভূমিকা কী হওয়া উচিত? ৪

৪.▶ সরকার কর্তৃক বড় বড় উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ফলে প্রচুর কর্মসংস্থান তৈরি হচ্ছে। ফলে মানুষের হাতে অর্থের যোগান বাড়ছে এবং ক্রয় ক্ষমতাও দিন দিন বাড়ছে। ২০১০ সালে ১ কেজি চাল ৩০ টাকা দিয়ে কিনলেও বর্তমানে তা ৫০ টাকা দিয়ে ক্রয় করতে হচ্ছে। মানুষ তা ক্রয় করতে পারলেও হাতে খুব বেশি টাকা থাকছে না। তাই মানুষের আয় বাড়লেও জীবনযাত্রার মানের খুব বেশি পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে না।

ক. চাহিদা বৃদ্ধিজনীত মুদ্রাস্ফীতি কী? ১
খ. আয় বাড়লেও সঞ্চয় খুব একটা বাড়ছে না কেন? ২
গ. নিম্ন ও মধ্যবিত্ত মানুষের জীবনযাত্রায় মুদ্রাস্ফীতির ভূমিকা কী হওয়া উচিত? ৩
ঘ. বড় বড় উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ফলে আয় ও কর্মসংস্থানের উপর কী ধরনের প্রভাব পড়ছে? ৪

৫.▶ মি. খলিল একজন সাধারণ কৃষক। সে জানে না যে, তার মত সাধারণ মানুষের দেয়া প্রত্যক্ষ ও পরোক্ষ করের এবং কর বহির্ভূত আয়ের টাকায় দেশের যাবতীয় উন্নয়ন কর্মকান্ড এবং সরকারি কর্মকর্তা-কর্মচারিগণ বেতন-ভাতা পেয়ে থাকেন। তাই সে অধিকার সচেতন নয়। ফলে সরকারি অফিসে কোন কাজের জন্য গেলে প্রায়ই তাকে হয়রানির শিকার হতে হয়।

ক. আয়কর কী? ১
খ. একজন ব্যক্তির কাছে কোন ধরনের কর পছন্দনীয়? ২
গ. কোন প্রক্রিয়ায় দেশের জনগণের টাকা সরকারি তহবিলে জমা হয়? ৩
ঘ. আয় বৈষম্য কমাতে হলে কর পদ্ধতির কী ধরনের সংস্কার প্রয়োজন তা করের শ্রেণি বিভাগ থেকে ব্যাখ্যা করো। ৪

৬.▶ জমির যে কারখানায় কাজ করে সেখানকার বেশিরভাগ শ্রমিকই অদক্ষ। এছাড়া তাদের শরীর স্বাস্থ্যও ভালো নয়। তাদের বেশিরভাগই অস্বাস্থ্যকর ও ঘিঞ্জি পরিবেশে বসবাস করে। তবে আশার কথা, সম্প্রতি সরকার দেশে মানব সম্পদ উন্নয়নে বিভিন্ন ব্যবস্থা যেমন প্রশিক্ষণের মাধ্যমে বিদেশ প্রেরণ, যুব প্রশিক্ষণ ইত্যাদি গ্রহণ করায় অবস্থার উন্নতি ঘটছে।

https://teachingbd24.com

ক. মানব সম্পদ বলতে কী বোঝ? ১
খ. মানব সম্পদ উন্নয়নের উপাদানগুলো কি কি? ২
গ. মানব সম্পদ উন্নয়নে সরকারের গৃহীত পদক্ষেপগুলো কী কী? ৩
ঘ. শিল্পের পরিবেশ উন্নয়নের সাথে শ্রমিকের দক্ষতা বৃদ্ধির সম্পর্ক ব্যাখ্যা করো। ৪

৭. ▶ নিচের চিত্রটি লক্ষ্য করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও:



ক. জনসংখ্যার ঘনত্ব কাকে বলে? ১
খ. তথ্য প্রযুক্তির ব্যবহার মানব সম্পদ উন্নয়নে কীভাবে ভূমিকা পালন করে? ২
গ. 'A' বিন্দুতে অসামঞ্জ্যের পরিমাণ তুলনা করো? ৩
ঘ. 'B' ও 'C' অসামঞ্জ্যের পরিমাণ তুলনা করো এবং বাংলাদেশের জনসংখ্যার পরিস্থিতি কোন বিন্দুর সাথে সামঞ্জস্যপূর্ণ? বিশ্লেষণ করো। ৪

৮. ▶ বাংলাদেশের প্রাকৃতিক পরিবেশ এ দেশের অধিবাসীদের অর্থনৈতিক জীবনযাত্রাকে বিশেষভাবে প্রভাবিত করে। এ দেশ ক্রান্তীয় মৌসুমী জলবায়ুর অন্তর্গত। গ্রীষ্মকালে এ ভূখন্ডের সর্বত্র তাপ বেশি থাকে। শীতকালে উত্তাপ কম থাকে এব শুষ্ক মৌসুমী বায়ু প্রবাহের ফলে এ ভূখন্ড বৃষ্টিপাতহীন ও শুষ্ক থাকে। মৃদু সমভাবাপন্ন মৌসুমী জলবায়ুর প্রভাবেই এখানে কৃষি কাজ ভালো হয়।

ক. প্রাকৃতিক পরিবেশ বলতে কী বোঝ? ১
খ. বাংলাদেশের প্রাকৃতিক পরিবেশের প্রধান উপাদানগুলো কী কী? ২
গ. এ ভূখণ্ডে গ্রীষ্মকালে তাপ বৃদ্ধি ও শীতকালে তাপ হ্রাস পাওয়ার কারণ কী?

https://teachingbd24.com

গ্রীষ্মকালে কোন সময় এবং কী কারণে এখানে বৃষ্টিপাত ঘটে? ৩

ঘ. মৌসুমী বায়ু প্রবাহের ফলে এদেশে কখন প্রচুর বৃষ্টিপাত হয় এবং এ ধরনের জলবায়ু এ দেশের কৃষি কাজকে কীভাবে প্রভাবিত করে তা বিশ্লেষণ করো। ৪

৯.▶ সম্প্রতি তথ্য প্রযুক্তির ব্যবহারের ফলে অর্থনীতিতে নতুন মাত্রা যোগ হয়েছে। ইন্টারনেট সেবার মাধ্যমে এ দেশের পণ্য অন্য দেশে খুব সহজে ও দ্রুত স্থানান্তর হচ্ছে। আবার ইন্টারনেট ব্যবহারের ফলে কিছু বিপদগামী ঘটনা ঘটছে।

ক. আন্তর্জাতিক বাণিজ্য কী? ১

খ. লেনদেন ভারসাম্য ও বাণিজ্যের ভারসাম্য কী একই? ২

গ. উদ্দীপকের আলোকে ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে অর্থনীতিতে কিরূপ প্রভাব পরে তা দেখাও। ৩

ঘ. ইন্টারনেট ব্যবহারের ফলে একটি স্বল্পোন্নত ও উন্নয়নশীল দেশ কীভাবে উন্নয়ন করতে পারে? ব্যাখ্যা করো। ৪

১০.▶ মি. ভস্কি অর্থনীতির ক্লাসে বললেন, দারিদ্র বিমোচন, কর্মসংস্থান বৃদ্ধি, খাদ্য নিরাপত্তাসহ বিভিন্ন বিষয়ে উন্নয়নের জন্য সরকার বিভিন্ন মেয়াদে পরিকল্পনা গ্রহণ করছে। সরকারের এই সব সিদ্ধান্ত বাস্তবায়নের ফলে সামাজিক ক্ষেত্রগুলোর উন্নয়ন সাধিত হচ্ছে।

ক. উন্নয়ন পরিকল্পনা কী? ১

খ. স্থানীয় পরিকল্পনা, কেন্দ্রীয় পরিকল্পনাকে কীভাবে প্রভাবিত করে? ২

গ. উদ্দীপকের আলোকে সরকার কোন পরিকল্পনা করে থাকে তা দেখাও? ৩

ঘ. উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে সরকারের ভূমিকা ব্যাখ্যা করো। ৪

১১.▶ সুমিত ও তার পরিবারের সদস্যরা বাঁশ ও বেতের আসবাবপত্র তৈরির একটি কারখানা চালান। কয়েক বছর ধরে এটি চললেও পরিবারের আয় উন্নতি তেমন হয়নি। বিদ্যুৎ বিভ্রাট, আসবাবপত্রের নিম্নমান, অনিশ্চিত চাহিদা ইত্যাদি সমস্যা ব্যবসায়ের উন্নতির পথে অন্তরায় হয়েছে।

ক. কুটির শিল্প কী? ১

খ. শিল্পের উন্নয়ন কীভাবে কৃষির উন্নয়নকে সহায়তা করে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কারখানাটি কোন শিল্পের অন্তর্গত এবং উদ্দীপকের আলোকে কারখানাটির সমস্যাগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কারখানাটির সমস্যা সমাধানের জন্য তোমার সুপারিশ কী? ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট　　পূর্ণমান — ৩০　　অর্থনীতি দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা　　বিষয় কোড: | ১ | ১ | ০ |

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. বাংলাদেশের আঞ্চলিক সমুদ্রসীমার দৈর্ঘ্য কত নটিক্যাল মাইল?
ⓚ ৯　　ⓚ ১০
Ⓖ ১২　　ⓖ ১৫

২. বাংলাদেশের বরেন্দ্র ভূমি হলো—
i. বগুড়া জেলার পশ্চিমাংশ
ii. দিনাজপুর জেলার উত্তরাংশ
iii. সিরাজগঞ্জ জেলার পূর্বাংশ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　　খ) ii ও iii
গ) i ও iii　　ঘ) i, ii ও iii

৩. কোন বিদেশি বণিকগণ সর্বপ্রথম বাংলায় আসে?
ক) ব্রিটিশ　　খ) ওলন্দাজ
গ) পর্তুগিজ　　ঘ) ফরাসি

৪. কোন শাসক সর্বপ্রথম বাংলায় মুদ্রা প্রচলন করেন?
ক) গিয়াসউদ্দিন আযম শাহ
খ) শামসুদ্দিন ফিরোজ শাহ
গ) আলাউদ্দিন হুসেন শাহ
ঘ) ঈশা খাঁ

৫. শস্য বহুমুখীকরণের ফলে—
ক) উৎপাদিত দ্রব্যের উপকারিতা
খ) ভোক্তার রুচি ও পছন্দ
গ) উৎপাদিত দ্রব্যের গুণাগুণ
ঘ) মাটির উর্বরতা বৃদ্ধি পায়

উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।
শরীফ সাহেবের সামান্য পরিমাণ জমি আছে। এতে চাষ করে তিনি যে আয় করেন তা দ্বারা কোনভাবে পারিবারিক ব্যয় মেটাতে পারেন। কিন্তু তেমন কোন সঞ্চয় করতে পারে না।

৬. শরীফ সাহেবের খামার কি ধরনের?
ক) সমবায়　　খ) বাণিজ্যিক
গ) জীবননির্বাহী　　ঘ) বিশেষায়িত

৭. শরীফ সাহেবের খামারের ক্ষেত্রে—
i. চাষাবাদ পদ্ধতি চিরায়িত
ii. পারিবারিক ভোগই একমাত্র উদ্দেশ্য
iii. বাজারজাতকরণ প্রয়োজন হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　　খ) ii ও iii
গ) i ও iii　　ঘ) i, ii ও iii

৮. কোনটি মাঝারি খামারের আয়তন?
ক) ০.০৫-০.৪৯　　খ) ০.০৫-২.৪৯
গ) ২.৫০-৭.৪৯　　ঘ) ০.৫০-৭.৫০

৯. কৃষিতে অর্থকরী ফসল বলা হয় কোনটিকে?
ক) ধান　　খ) গম
গ) পাট　　ঘ) তৈলবীজ

১০. কৃষি ঋণের উপানুষ্ঠানিক উৎস কোনটি?
ক) সমবায় সমিতি　　খ) ভূমি বন্ধকি ব্যাংক
গ) গ্রামীণ ব্যাংক　　ঘ) বাণিজ্যিক ব্যাংক

১১. শিল্পনীতি ২০১০ অনুযায়ী বাংলাদেশের শিল্পকে কয়ভাগে ভাগ করা হয়?
ক) ৩　　খ) ৬
গ) ৯　　ঘ) ১২

১২. বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানিতে বৃহৎ বাজার কোনটি?
ক) মধ্যপ্রাচ্য　　খ) যুক্তরাষ্ট্র
গ) ইইউ　　ঘ) কাতার

উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।
'ক' দেশের সরকার 'খ' শিল্পের উৎপাদন বৃদ্ধির জন্য বিভিন্ন ধরনের উৎসাহমূলক কার্যক্রম গ্রহণ করেছে। ফলে 'খ' শিল্পে উৎপাদিত দ্রব্য বিশ্বের বিভিন্ন দেশে পাঠানো সম্ভব হচ্ছে।

১৩. 'ক' দেশের সরকারের গৃহীত কার্যক্রমকে কী বলে?
ক) রপ্তানিমুখী শিল্পায়ন
খ) আমদানি বিকল্প শিল্পায়ন
গ) পশ্চাৎমুখী শিল্পায়ন
ঘ) সম্মুখগামী

১৪. 'ক' দেশের সরকারের গৃহীত পদক্ষেপের ফলে—
i. কর্মসংস্থান বাড়বে
ii. বৈদেশিক মুদ্রা অর্জিত হবে
iii. অবকাঠামোর উন্নয়ন হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　　খ) ii ও iii
গ) i ও iii　　ঘ) i, ii ও iii

১৫. শিল্পনীতি ২০১০ অনুসারে যেসব শিল্পে ১০০ থেকে ২৫০ জন শ্রমিক নিয়োজিত থাকে তাকে বলা হয়—
ক) কুটির শিল্প　　খ) মাঝারি শিল্প
গ) ক্ষুদ্র শিল্প　　ঘ) বৃহৎ শিল্প

১৬. বাংলাদেশের প্রধান রপ্তানিমুখী শিল্প কোনটি?
ক) পাট শিল্প
খ) চামড়া শিল্প
গ) পোশাক শিল্প
ঘ) চা শিল্প

Teachingbd24.com

https://teachingbd24.com

উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:

সুজন একজন পরিশ্রমী যুবক। বন্ধু-বান্ধবের কাছ থেকে ধার দেনা করে মহল্লায় একটি বেকারি দিয়েছে তার বেকারিতে পরিবারের সদস্যসহ মোট ৮ জন লোক কাজ করে।

১৭. উদ্দীপকের সুজনের প্রতিষ্ঠিত শিল্প কী ধরনের—
ⓚ কুটির শিল্প ⓚ ক্ষুদ্র শিল্প

(ক) কুটির শিল্প (খ) ক্ষুদ্র শিল্প
(গ) মাঝারি শিল্প (ঘ) বৃহৎ শিল্প

১৮. উক্ত শিল্পের মূলধনের পরিমাণ হতে পারে—
i. পাঁচ লক্ষ টাকার কম
ii. দশ লক্ষ টাকার উর্ধ্বে
iii. পাঁচ লক্ষ থেকে দশ লক্ষ টাকা
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) iii (ঘ) ii ও iii

১৯. জনসংখ্যার ঘনত্ব পরিমাপের সূত্র হলো—
(ক) DP = TP/TA (খ) DP=TA/TP
(গ) DP = DP × TP (ঘ) DP = TA × TP

২০. ম্যালথাস কত সালে জনসংখ্যার তত্ত্বটি প্রকাশ করেন?
(ক) ১৬৯৮ (খ) ১৭৮৯
(গ) ১৭৯৮ (ঘ) ১৮৯৮

উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।

একটি দেশের জনসংখ্যা ১৫ কোটি হলেও কাম্য জনসংখ্যা ১০ কোটি।

২১. দেশটির জনসংখ্যার অসামঞ্জস্যের পরিমাণ কত?
(ক) -০.৫ (খ) -০.০৩
(গ) ০.৩৩ (ঘ) ০.৫০

২২. উদ্দীপকে উল্লিখিত পরিস্থিতির প্রেক্ষিতে ঐ দেশের সরকার কর্তৃক গৃহিত পদক্ষেপ হবে—
i. শিক্ষায় ভর্তুকি প্রত্যাহার
ii. পরিবার পরিকল্পনা কর্মসূচি জোরদার
iii. চিকিৎসা সেবার উন্নতি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।

রফিক মিয়া ফলের দোকান থেকে সুন্দর পাকা এক হালি কলা কিনে আনলেন। উক্ত কলা খেয়ে তার সন্তান অসুস্থ হয়ে পড়লেন।

২৩. উদ্দীপক খাদ্যের কোন দিকটি নির্দেশ করা হয়েছে?
(ক) প্রাপ্যতা (খ) নিরাপত্তা
(গ) সৌন্দর্য (ঘ) স্বাদ

২৪. উল্লিখিত সমস্যা সমাধানে—
i. জনগণকে সচেতন হতে হবে
ii. জনগণের ক্রয়ক্ষমতা বাড়াতে হবে
iii. সরকারের নজরদারি বাড়াতে হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. BSTI এর পূর্ণরূপ কী?
(ক) Bangladesh Standard and Testing Institution
(খ) Bangladesh Small and Testing Institution
(গ) Bangladesh Satellite and Transmission Institution
(ঘ) Bangladesh Spread and Testing Institution

২৬. খাদ্য নিরাপত্তার দিক কয়টি?
(ক) ২টি (খ) ৩টি
(গ) ৪টি (ঘ) ৫টি

২৭. সরকারি অর্থায়নের প্রধান উৎস কোনটি?
(ক) নোট ইস্যু (খ) ঋণপত্র বিক্রয়
(গ) রাজস্ব আয় (ঘ) সঞ্চয়

২৮. বার্ষিক উন্নয়নে কর্মসূচি এর উদ্দেশ্য হলো—
i. কৃষি ও শিল্পোপাদন বৃদ্ধি
ii. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ
iii. জাতীয় সঞ্চয় বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৯. মুদ্রাস্ফীতির প্রধান কারণ—
(ক) অর্থের যোগান হ্রাস
(খ) অর্থের যোগান বৃদ্ধি
(গ) সরকারি ব্যয় বৃদ্ধি
(ঘ) উৎপাদন বৃদ্ধি

৩০. বাংলাদেশের প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদকাল—
(ক) ১৯৯০-৯৫ (খ) ১৯৮৫-৯০
(গ) ১৯৮০-৮৫ (ঘ) ১৯৭৩-৭৮

উত্তর																														
	১	গ	২	ক	৩	গ	৪	খ	৫	ঘ	৬	গ	৭	ক	৮	গ	৯	গ	১০	গ	১১	গ	১২	খ	১৩	খ	১৪	ঘ	১৫	খ
	১৬	গ	১৭	ক	১৮	ক	১৯	ক	২০	গ	২১	ঘ	২২	গ	২৩	খ	২৪	খ	২৫	ক	২৬	খ	২৭	ক	২৮	খ	২৯	খ	৩০	ঘ

Teachingbd24.com